



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ১৬, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৯ ভাদ্র ১৪১৪/১৩ সেপ্টেম্বর ২০০৭

এস, আর, ও নং ২২২-আইন/২০০৭।—যেহেতু The Air Force Act, 1953, অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 5 এর sub-section (1) এ বিধান রাখিয়াছে যে, সরকার যে কোন বাহিনীর ক্ষেত্রে উক্ত Act এর বিধান প্রয়োগ করিতে পারিবে এবং যে বাহিনীর ক্ষেত্রে উহা প্রয়োগ করিবে সে বাহিনীর বিদ্যমান পদবীতে কর্মরত সদস্যগণকে উক্ত Act এর আওতাধীন বিমান বাহিনীর পদবীর সাথে সমপর্যায়ের পদবীর্ণাদা সম্পন্ন হইতে হইবে এবং উক্ত বাহিনীর ক্ষেত্রে প্রযোজ্য অন্যান্য আইনের বিধান এতদসঙ্গে স্থগিত থাকিবে; এবং

যেহেতু, বিগত ২৪ সেপ্টেম্বর, ১৯৭৪ ইং তারিখ হইতে ০২ জুলাই, ২০০৬ ইং তারিখ পর্যন্ত Army Act, 1952, এর অধীন সিপাহী, ল্যান্স নায়েক, নায়েক, হাবিলান্দার, নায়েক সুবেদার, সুবেদার, সুবেদার মেজর নামীয় পদে নিয়োগপ্রাপ্ত হইয়া সর্বমোট ৮০৫ জন সদস্য যাহাদের পরিবর্তিত পদবী নিম্ন তফসিলের কলাম (৩) এ উল্লিখিত, মিনিস্ট্রি অব ডিফেন্স কনষ্ট্ৰুক্যুলারী, অতঃপর এমওডিসি (এয়ার) বলিয়া উল্লিখিত-তে কর্মরত ছিলেন এবং আছেন; এবং

যেহেতু, Army Act, 1952, এর অধীন নিয়োগপ্রাপ্ত উপরিউক্ত এমওডিসি (এয়ার) সদস্যদের পদবী বিমান বাহিনীর সদস্যদের সমমান এবং সমপদবীর্ণাদা সম্পন্ন পদবীর অনুরূপ হওয়া প্রয়োজন এবং বাস্তুনীয়;

( ৭৯১১ )

মূল্য : টাকা ২.০০

সেহেতু, উক্ত Act এর section 5 এর sub-section (2), sub-section (1) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্ন তফসিলের কলাম (২)এ উল্লিখিত বিমান বাহিনীর সদস্যদের পদবী কলাম (৩)এ উল্লিখিত এমওডিসি সদস্যদের সমতুল্য পদবী মর্মে এতদ্বারা প্রকাশ (Notify) করিল, যথা :—

### তফসিল

ক্রমিক নং	বিমান বাহিনীর সদস্যদের পদবী	এমওডিসি (এয়ার) সদস্যদের পদবী
১	২	৩
(১)	রিক্রুট (এয়ার ফোর্স)	রিক্রুট (এমওডিসি)
(২)	এয়ারক্রাফটসম্যান (এয়ার ফোর্স)	সৈনিক (এমওডিসি)
(৩)	লিডিং এয়ারক্রাফটসম্যান (এয়ার ফোর্স)	ল্যাল কর্পোর্যাল (এমওডিসি)
(৪)	কর্পোর্যাল (এয়ার ফোর্স)	কর্পোর্যাল (এমওডিসি)
(৫)	সার্জেন্ট (এয়ার ফোর্স)	সার্জেন্ট (এমওডিসি)
(৬)	ওয়ারেন্ট অফিসার (এয়ার ফোর্স)	ওয়ারেন্ট অফিসার (এমওডিসি)
(৭)	সিনিয়র ওয়ারেন্ট অফিসার (এয়ার ফোর্স)	সিনিয়র ওয়ারেন্ট অফিসার (এমওডিসি)
(৮)	মাস্টার ওয়ারেন্ট অফিসার (এয়ার ফোর্স)	মাস্টার ওয়ারেন্ট অফিসার (এমওডিসি)

২। অনুচ্ছেদ-১ এর তফসিলে প্রকাশিত সমপদমর্যাদা সম্পন্ন সদস্যদের ক্ষেত্রে অন্যান্য আইনের বিধান স্থগিত থাকা সাপেক্ষে উক্ত Act এবং Air Force Act Rules, 1957 এর বিধানাবলী প্রয়োগ ও প্রযোজ্য হইবে।

### রাষ্ট্রপতির আদেশক্রমে

কামরুল হাসান  
প্রতিরক্ষা সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আব্দুর হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।